

যুক্তরাষ্ট্রের বিমানবন্দরে যাত্রীর লাগেজ থেকে ডলার চুরি

- A Monitor Desk Report

Date: 16 September, 2023



সম্প্রতি যুক্তরাষ্ট্রের মিয়ামি আন্তর্জাতিক বিমানবন্দরে যাত্রীর লাগেজ থেকে ডলারসহ অন্যান্য আইটেম চুরির অভিযোগ উঠেছে দায়িত্বরত দুই পরিবহন নিরাপত্তা প্রশাসনের (টিএসএ) কর্মকর্তার বিরুদ্ধে। সিসি ক্যামেরায় যে ঘটনা ধরা পড়েছে।

জানা গেছে, যাত্রীর লাগেজ থেকে গত ২৯ জুন বিমানবন্দরের ওই দুই জন কর্মকর্তা ৬০০ ডলার চুরি করেছেন। অভিযুক্ত দুইজন কর্মকর্তা হচ্ছেন ২০ বছর বয়সী জসু গনজালেজ এবং ৩৩ বছরের লাবারিয়াস উইলিয়ামস। পরবর্তীতে তদন্তের সময় জুলাই মাসে তাদের গ্রেফতার করা হয়।

আরও পড়ুন: [সারা বছর যাওয়া যাবে সেন্টমার্টিন - চালু হচ্ছে 'সি প্লেন'](#)

এ ঘটনার ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, বিমানবন্দরে চেক পয়েন্টে যাত্রীর ওয়ালেট এবং পার্স যখন এক্স-রে মেশিন দিয়ে চেক করা হচ্ছিল তখন ওই দুইজন কর্মকর্তা সেখান থেকে ডলার সরিয়ে নেয়।

ভিডিওতে দেখা যায়, একজন কর্মকর্তা যাত্রীর ওয়ালেট থেকে ডলার সরিয়ে নিয়ে তার পকেটে রাখছেন। ইতিমধ্যে অভিযুক্ত দুইজনেই তাদের চুরির কথা স্বীকার করেছেন। তারা স্বীকার করেছেন দুইজনে মিলে প্রতিদিন গড়ে যাত্রীদের লাগেজ থেকে এক হাজার ডলার চুরি করতেন।

-B